APR. 0 1 2001
তারিখ ... — — — — — —
পৃষ্ঠা ... কলাম ......

# দক্ষতা বাড়াতে দেশের ৯ হাজার প্রধান শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হবে

**আতাউল করিম খোকন**, *ময়মনসিংহ থেকে*

গত ২৯ ও ৩০ মার্চ শহরের জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) মিলনায়তনে 'ক্লাসরুম গবেষণা' শীর্ষক দুদিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে নেপের ৬ জন বিশেষজ্ঞ অংশ নেন। এতে প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন ইস্টিমের (ইনফেক্টিভ স্কুল প্রো এনহেনসড এডুকেশন ম্যানেজমেন্ট) কনসালটেন্ট বিসিকের সাবেক চেয়ারম্যান ও সাবেক সচিব প্রফেসর মোহাম্মদ সিরাজুদ্দীন, ইস্টিম কনসালটেন্ট ড. ভেরি টেইলর এবং জেক রস।

প্রকল্পের কনসালটেন্ট মোহাম্মদ সিরাজুদ্দীন ও জেক রস যুগান্তরকে জানান প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন যুক্তরাজ্য সরকারের অর্থায়নে চার বছর মেয়াদি ২০০৩ সাল পর্যন্ত এই ইস্টিম প্রকল্পের মাধ্যমে দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর ব্যবস্থাপনা ও দক্ষতা বৃদ্ধি করা হবে। ১৯৯৯ সালের সেপ্টেম্বর মাসে প্রকল্পের কাজ শুরু হয়। ৬টি বিভাগে ১৬৩ কোটি টাকা ব্যয়ে প্রথম পর্যায়ে ৯ হাজার স্কুলের প্রধান শিক্ষকদের ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। এই প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে প্রাথমিক বিদ্যালয়গুলোয় শিক্ষার গুণগত মান বৃদ্ধির সঙ্গে জড়িত সমস্যাগুলোর ওপর গবেষণা এবং তার ভিত্তিতে সমস্যা সমাধান বিষয়ক নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। ইতিমধ্যে প্রথম পর্যায়ে ৪০ জন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে যুক্তরাজ্য থেকে এ বিষয়ে প্রশিক্ষণ দিয়ে আনা হয়েছে। আগামীতে আরও ৪০ জন প্রশিক্ষণের জন্য যুক্তরাজ্য যাবেন।